গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৭ - ৩০ জুন ২০১৮

সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.............. ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).. ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি.......................... ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা.. ১৩

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

ইনস্টিটিউট হতে জাতীয় চাহিদার নিরীখে বিগত তিন বছরে মৎস্যসম্পদ উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনার মাধ্যমে ৬টি প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। প্রযুক্তিসমূহ হচ্ছে বিলুপ্তপ্রায় টেংরা মাছের পোনা উৎপাদন, উপকূলীয় পারশে মাছের পোনা উৎপাদন, একোয়াপনিক পদ্ধতিতে স্বাস্থ্যসম্মত মাছ ও সবিজ উৎপাদন, কৈ মাছের সাথে শিং ও তেলাপিয়ার মিশ্রচাষ এবং মেকানিক্যাল ফিস ড্রায়ার এর মাধ্যমে গুণগতমানসম্পন্ন শুটকী উৎপাদন এবং গলদা চিংড়ির আগাম ব্রুড উৎপাদন।

এসব প্রযুক্তি উদ্ভাবনের ফলে বিলুপ্তপ্রায় মাছের পোনা প্রাপ্তি সহজলভ্য, মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং উপকূলীয় মৎস্যচাষ সম্প্রসারনের সুযোগ সৃষ্টি হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

জলবায়ু প্রভাব, গুণগতমানসম্পন্ন মৎস্য খাদ্যের অভাব ও উচ্চমূল্য, রোগের প্রাদুর্ভাব, জনবলের অভাব ইত্যাদি প্রযুক্তি উদ্ভাবনে অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- খরা প্রবণ এলাকার জন্য উপযোগী মৎস্য চাষ প্রযুক্তি উদ্ভাবন
- বিলুপ্তপ্রায় মাছসমূহের জীনপুল সংরক্ষণ
- বঙ্গোপসাগরের মাছের তালিকা প্রণয়ন, মজুদ নিরূপণ ও ব্যবস্থাপনা কৌশল উদ্ভাবন
- আহরণ পরবর্তী মাছের ক্ষতি কমিয়ে আনা
- মাছের জাত উন্নয়ন
- অপ্রচিলত মৎস্য সম্পদের চাষাবাদ কৌশল উদ্ভাবন

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- মৎস্য সম্পদ উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তি উদ্ভাবন
- উদ্ভাবিত প্রযুক্তিসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে হস্তান্তর
- মানব সম্পদের দক্ষতা বৃদ্ধি

উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট-এর মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০১৭ সালের.......................মাসের.........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১

ইনস্টিটিউটের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

দেশের মৎস্যসম্পদ উন্নয়নে জাতীয় চাহিদার নিরিখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন।

১.২ অভিলক্ষ্য (Mission):

গবেষণালব্ধ প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি ও আমিষ চাহিদা পূরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives)

১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মৎস্য সম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা পরিচালনা

২. উন্নত মৎস্যচাষ ও মৎস্য ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর

৩. প্রযুক্তিভিত্তিক কারিগরি প্রশিক্ষণ প্রদান।

৪. পরামর্শ সেবা প্রদান।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

১.৪ কার্যাবলি (Functions)

১. মিঠা পানি, লোনাপানি ও সামুদ্রিক মৎস্যসম্পদের উন্নয়ন ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মৌলিক ও প্রায়োগিক গবেষণা পরিচালনা ও সমন্বয় সাধন।

২.গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে স্বল্প ব্যয় ও স্বল্প শ্রমনির্ভর পরিবেশ উপযোগী উন্নত মৎস্য চাষ ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা পরিচালনা।

৩. মৎস্য বাণিজ্যিকীকরণ সহায়ক বহুমুখী মৎস্যজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মান নিয়ন্ত্রণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন বিষয়ক গবেষণা পরিচালনা।

৪. গবেষণাভিত্তিক প্রযুক্তি হস্তান্তর ও কারিগরি প্রশিক্ষণ প্রদান ও গবেষণা ক্ষেত্রে মানবসম্পদ উন্নয়ন।

৬. মৎস্যসম্পদ উন্নয়ন, সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে নীতি প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান।

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০১৭-১৮	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৫-১৬	২০১৬-১৭*		২০১৮-১৯	২০১৯-২০		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
মাথা পিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি	মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ	ওজন (গ্রাম/দিন)	৫৫.৫০	৬০.০০	৬০.০০	৬০.০০	৬০.০০	ভূমি মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা	মৎস্য অধিদপ্তরের রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা
মৎস্য ও মৎস্যজাত পণ্যের রপ্তানির মাধ্যমে রপ্তানি আয় বৃদ্ধি	রপ্তানি আয়	মূল্যমান (কোটি টাকা)	৪২৮২.৮২	৪২০০.০০	৪৪৫০.০০	৪৮৫০.০০	৫০০০.০০	বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ফ্রোজেন ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, উন্নয়ন সহযোগী সংস্থা	রপ্তানি উন্নয়ন ব্যুরো, মৎস্য অধিদপ্তরের রিপোর্ট, বিবিএস

*সাময়িক তথ্য